# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৬২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

## আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ فِي الْجَدَّةِ مَعَ ابْنِهَا: أَنَّهَا أَوَّلُ جَدَّةٍ أَطْعَمَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُدُسًا مَعَ ابْنِهَا وَابْنُهَا حَيٌّ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَالتِّرْمِذِيُّ ضَعَّفَهُ

## বাংলা

৩০৬২-[২২] ’আব্দুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, দাদী তার নিজ ছেলের সাথে থাকলে (নাতির) উত্তরাধিকার পাবে কিনা সে ব্যাপারে বলেন যে, সে হলো প্রথম দাদী যাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ ছেলের সাথে এক-ষষ্ঠাংশ দিয়েছেন, অথচ তার ছেলে জীবিত। (তিরমিযী ও দারিমী; কিন্তু ইমাম তিরমিযী হাদীসটিকে য’ঈফ বলেছেন)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২১০২, ইরওয়া ১৬৮৭। কারণ এর সনদে মুহাম্মাদ বিন সালিম একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাদীকে এক-ষষ্ঠাংশ দিয়েছেন মীরাস হিসেবে নয় বরং দান-অনুদান হিসেবে। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বপ্রথম দাদীকে এভাবে সম্পদ দিয়েছেন। যদিও পিতার বর্তমানে দাদী কোনো মীরাস পায় না। এটাই জুমহূর সাহাবী, তাবি‘ঈ ও ইমামদের মত। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২১০২; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68389

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন